

গাংনীতে পুরানো প্রশ্নপত্রে এসএসসি পরীক্ষা

■ গাংনী (মেহেরপুর) সংবাদদাতা

কেন্দ্র সচিব হল সুপার ও কক্ষ পরিদর্শকের গাফিলতির কারণে অন্তত ১০ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় পুরানো প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষা দিয়েছে। শুক্রবার সকালে গাংনী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে পদার্থ বিজ্ঞান পরীক্ষায় এ ঘটনা ঘটে।

পরে অভিভাবকদের অভিযোগের প্রেক্ষিতে গাংনী ইউএনও বিষয়টি সমাধান করার আশ্বাস দেন। এদিকে কেন্দ্র সচিব হল সুপার ও কক্ষ পরিদর্শকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন অভিভাবকরা।

কয়েকজন অভিভাবক জানান, নিয়মিত ছাত্রদের ২০১৫ সালের প্রশ্নপত্র দেয়ার কথা থাকলেও কিছু ছাত্র-ছাত্রীর ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী টিক প্রশ্ন দেয়া হয়। এ বিষয়ে কয়েকজন ছাত্র আপত্তি জানালে তাদের পুনরায় পরীক্ষা নেয়া হয়। আর কিছু ছাত্র-ছাত্রীর পুরানো প্রশ্নপত্র অনুযায়ী পরীক্ষা নেয়া হয়েছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কেন্দ্র সচিব মনিরুল ইসলাম বলেন, ছাত্র-ছাত্রীরা প্রথমে প্রশ্নপত্র দেখলে এমন ঘটনা ঘটতো না।

মেহেরপুর জেলা প্রশাসক মাহমুদ হোসেন বলেন, বিষয়টি সমাধান ও দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গাংনী ইউএনওকে বলা হয়েছে।

গাংনী ইউএনও আবুল আমিন জানান, এ বিষয় নিয়ে বোর্ড কন্ট্রোলারের সাথে কথা হয়েছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নেয়ার আশ্বাস দিয়েছেন।